ইত্তেফাক

তারিখ ... 20/2/79 ... ...
পৃষ্ঠা ... ... ... 7 কলাম ... 6 ... ...

114



## বিশ্বেশ্বর চৌধুরীর পরলোকগমন

অবিভক্ত বাংলার বিশিষ্ট সাংবাদিক শ্রী বিশ্বেশ্বর চৌধুরী হৃদরোগে আক্রান্ত হইয়া গত রবিবার রাঙ্গামাটিতে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৭২ বছর। শ্রী বিশ্বেশ্বর চৌধুরী কলিকাতার দৈনিক আনন্দবাজার পত্রিকা, ঢাকার দৈনিক ইত্তেফাক, আজাদ, সংবাদ, ইত্তেহাদ ও সংগ্রামসহ বহু দৈনিক পত্রিকার সঙ্গে সংযুক্ত ছিলেন। ইহাছাড়াও 'বিশ্ব[illegible]ণী' নামে তিনি ঢাকা হইতে একটি সাপ্তাহিক পত্রিকা সম্পাদনা করেন। শ্রী চৌধুরী কয়েকটি বইও রচনা করেন। শ্রী চৌধুরী ব্রিটিশবিরোধী আন্দোলনে অংশগ্রহণ এবং কারাবরণ করেন। তিনি বিভিন্ন সামাজিক-সংগঠনের সাথে ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন। শ্রী চৌধুরী ১৩১৩ বাংলার ১৭ই ভাদ্র চট্টগ্রামের মহামুনি পাহাড়তলী গ্রামের এক বৌদ্ধ পরিবারে জন্মগ্রহণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৪ ছেলে এবং ৩ কন্যাসহ বহু গুণগ্রাহী রাখিয়া গিয়াছেন। গতকাল সোমবার স্বগ্রামে তাঁহার শেষকৃত্য সম্পন্ন হয়।